সংবাদ

তারিখ 09 DEC 2002
পৃষ্ঠা ১২ কলাম ৮



# বেগম রোকেয়া দিবস আজ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ বেগম রোকেয়া দিবস। শিক্ষায় ও অধিকারে এ উপমহাদেশের মুসলমান নারীরা যতটুকু অগ্রসর হয়েছে, নারী সম্পর্কে সমাজের দৃষ্টিভঙ্গি যতটা প্রসারিত হয়েছে, তার ভিত তৈরি করেছেন মহীয়সী নারী বেগম রোকেয়া।

রোকেয়া দিবস উপলক্ষে রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পৃথক বাণী দিয়েছেন।

রাষ্ট্রপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহমেদ বেগম রোকেয়া দিবস উপলক্ষে প্রদত্ত বাণীতে বলেন, বেগম রোকেয়া দিবস উপলক্ষে আমি নারী জাগরণের অগ্রদূত এই মহীয়সীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। তিনি বলেন, তৎকালীন কুসংস্কারাচ্ছন্ন সমাজে বেগম রোকেয়া অবহেলিত নারী সমাজের শিক্ষা বিস্তারে তার সর্বশক্তি নিয়োগ করেছিলেন। তিনি মনে-প্রাণে বিশ্বাস করতেন যে, শিক্ষার আলোই পিছিয়ে পড়া নারী সমাজকে আত্মবিকাশের পথ দেখাতে পারে এবং তাদের আত্মপ্রত্যয়ী করতে পারে। প্রতিকূল সমাজব্যবস্থার

রোকেয়া ঃ পৃঃ ৯ কঃ ৩

## রোকেয়া ঃ দিবস

( ১২ পৃষ্ঠার পর )

মধ্যেও তিনি তার প্রয়াস অব্যাহত রাখেন এবং শিক্ষার প্রতি নারী সমাজের আগ্রহ সৃষ্টিতে সাফল্য লাভ করেন।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বেগম রোকেয়া দিবস উপলক্ষে দেয়া বাণীতে বলেন, দিশারি ও শিক্ষার অগ্রদূত হিসেবে বেগম রোকেয়া চিরস্মরণীয় হয়ে আছেন। তিনি বলেন, বেগম রোকেয়ার সময় এ উপমহাদেশ বৃটিশ উপনিবেশ ছিল। পরাধীনতার নাগপাশে আবদ্ধ জনগোষ্ঠী জ্ঞানে-গরিমায়, ধনে-মানে ও শিক্ষা-দীক্ষায় একেবারে পিছিয়ে ছিল। রক্ষণশীল মুসলিম সমাজের কড়া পর্দা প্রথা, গোঁড়ামি ও কুসংস্কারে নারী সমাজ আরও বেশি অন্ধকারে নিমজ্জিত ছিল। বেগম রোকেয়া ঘোর অন্ধকারে নিমজ্জিত নারী সমাজকে আলোতে নিয়ে এসেছিলেন। আজ নারী সমাজ শিক্ষিত ও স্বাবলম্বী হয়ে দেশ ও জাতির উন্নয়নে অবদান রেখে চলেছে।

দেশে নারীর অধিকার রক্ষা এবং নারী শিক্ষার প্রসারে অসামান্য অবদান রাখার জন্য জোহরা বেগম কাজী এবং বেগম আখতার ইমামকে রোকেয়া পদক-২০০২ মনোনীত করা হয়েছে।

দিবসটি উপলক্ষে বাংলাদেশ টেলিভিশন এবং রেডিও বাংলাদেশ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। দিবসের গুরুত্ব তুলে ধরে জাতীয় দৈনিকগুলো বিশেষ ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা করেছে।

কর্মসূচি ঃ বাংলা একাডেমী আজ বেলা ১১টায় সেমিনার কক্ষে প্রবন্ধ পাঠ ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছে।

নারী প্রগতি সংঘ বিকেল ৩টায় কেন্দ্রীয় কার্যালয়ে বেগম রোকেয়ার জীবন ও কর্মভিত্তিক আলোচনা ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করেছে।